



Office for People With
Developmental Disabilities

44 Holland Avenue
Albany, NY 12229-0001



Office for People With
Developmental Disabilities



পারিবারিক সহায়তা পরিষেবা (Family Support Services, FSS)-এর সংক্ষিপ্ত বিবরণ



(866) 946-9733 | NY Relay Service 711

www.opwdd.ny.gov



OPWDD বিভিন্ন ধরনের পরিষেবা প্রদান করে যা বিকাশজনিত অক্ষমতা থাকা নিউ ইয়র্কবাসীদের তাদের কমিউনিটির মধ্যে আরও সমৃদ্ধ জীবনযাপন করতে সহায়তা করে। এই পরিষেবাগুলি সরাসরি OPWDD এবং সমগ্র স্টেট জুড়ে প্রায় 600টি অলাভজনক এজেন্সির একটি নেটওয়ার্কের মাধ্যমে প্রদান করা হয়।

OPWDD-এর পারিবারিক সহায়তা পরিষেবা (FSS) পরিবারগুলিকে তাদের বিকাশজনিত অক্ষমতা থাকা প্রিয়জনদের নিরাপদে রাখতে এবং বাড়িতে বসবাস করতে সাহায্য করার জন্য বিভিন্ন প্রোগ্রাম ও সহায়তা প্রদান করে।

FSS পাওয়ার জন্য কারা যোগ্য?

FSS-এর জন্য যোগ্য হতে হলে, একজন ব্যক্তিকে অবশ্যই:

- 1 OPWDD পরিষেবা পাওয়ার যোগ্যতা থাকতে হবে; এবং
- 2 এক বা একাধিক *অবৈতনিক পরিবারের সদস্যের (যেমন জৈবিক, দত্তক নেওয়া বা বর্ধিত পরিবার অথবা জৈবিক, দত্তক নেওয়া বা বর্ধিত পরিবারের অনুপস্থিতিতে অবৈতনিক পরিচর্যাকারী) সাথে বসবাস করতে হবে।

* কিছু ব্যতিক্রম প্রযোজ্য হতে পারে, বিস্তারিত জানার জন্য ADM 2022-02R এবং সংশ্লিষ্ট নির্দেশিকা দেখুন

FSS পাওয়ার জন্য কোনো ব্যক্তিকে Medicaid-এ নথিভুক্ত হওয়ার প্রয়োজন নেই।

FSS কী ধরনের সহায়তা প্রদান করে?

বাড়িতে আপনার প্রিয়জনের যত্ন নিতে সহায়তা করার জন্য বিভিন্ন ধরনের পারিবারিক সহায়তা পরিষেবা উপলব্ধ রয়েছে। এই কর্মসূচিগুলি অঞ্চলভেদে ভিন্ন হতে পারে এবং এর মধ্যে নিম্নলিখিত বিষয়ে সহায়তা অন্তর্ভুক্ত থাকতে পারে:

- অধিকার আদায়ে সহায়তা
- স্কুল-পরবর্তী কর্মসূচি
- আচরণগত সহায়তা
- সংকটকালীন পরিষেবা
- পারিবারিক খরচ ফেরত সহায়তা
- পারিবারিক পরামর্শ ও প্রশিক্ষণ
- তথ্য এবং রেফারেল
- পিতা-মাতা এবং ভাই-বোনদের সাপোর্ট গ্রুপ
- বিনোদন/ক্যাম্প
- বিরতি সহায়তা
- পরিষেবা প্রাপ্তি
- সামাজিক দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ
- বিশেষায়িত সরঞ্জাম এবং বাড়িতে প্রয়োজনীয় পরিবর্তন
- পরিবহণ

FSS সেইসব পরিবারের জন্য একটি জীবনের দিশা হতে পারে যাদের তাদের প্রিয়জনের চাহিদা পূরণে সাহায্য প্রয়োজন, এবং পরিবারের সাথে বাড়িতে বসবাসকারী কাউকে সহায়তা করার জন্য এটিই একমাত্র প্রয়োজনীয় OPWDD পরিষেবা হতে পারে।

স্থানীয় FSS অ্যাডভাইজরি কাউন্সিলের ভূমিকা

OPWDD-এর প্রতিটি ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটি রিজিওনাল অফিস (Developmental Disability Regional Offices, DDRO)-এ একাধিক স্থানীয় FSS অ্যাডভাইজরি কাউন্সিল রয়েছে, যা বিকাশজনিত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তি পরিবারের সদস্য ও পেশাদার এবং প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের পরিচর্যায় আগ্রহী ব্যক্তিদের নিয়ে গঠিত। এই স্থানীয় কাউন্সিলগুলি OPWDD-কে পরামর্শ দেয় যে, যেসব পরিবারের প্রিয়জনরা নিজ নিজ বাড়িতে বসবাস করছেন, তাদের কী ধরনের সহায়তা ও সেবার প্রয়োজন রয়েছে। এই কাউন্সিলগুলি DDRO-এর FSS কোঅর্ডিনেটরদের সঙ্গে অংশীদারত্বে কাজ করে, যাতে স্থানীয় পরিবারগুলির চাহিদার প্রতি সাড়া দিতে সক্ষম কর্মসূচিগুলো পরিকল্পনা, বাস্তবায়ন ও তদারকি করা যায়।

আপনি যদি আপনার পরিবারের জন্য FSS চান

OPWDD-এর যোগ্যতা, FSS প্রোগ্রাম বা আপনার স্থানীয় FSS অ্যাডভাইজরি কাউন্সিলের সাথে কীভাবে যুক্ত হবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য, ভয়েস কলের ক্ষেত্রে আমাদের টোল-ফ্রি ইনফোলাইনের (866) 946-9733 নম্বরে, অথবা NY Relay Service 711 নম্বরে কল করুন। এছাড়া আপনি OPWDD-এর ওয়েবসাইট www.opwdd.ny.gov-এ গিয়েও দরকারি তথ্য পেতে পারেন।

